দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম ১

# ২৯ শিক্ষার্থীকে বৃত্তি দিল ইস্টার্ন ইউনিভার্সিটি

ইস্টার্ন ইউনিভার্সিটি (ইইউ) প্রতিবছরের মতো এবারও কৃতী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করেছে। এ বছর ২৯ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি দেয়া হয়। মেধাবী ও নিম্নবিত্ত শিক্ষার্থীদের মাঝে নিজ তহবিল থেকে এই অর্থ প্রদান করে থাকেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্যগণ।

রবিবার অনুষ্ঠিত এ আয়োজনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী। ইইউ'র উপাচার্য অধ্যাপক ড. আবদুর রবের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মোহাম্মদ আলী আজম ও উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য, ট্রেজারার, ডীন, রেজিস্ট্রার, কৃতী শিক্ষার্থী ও তাদের অভিভাবক, ইইউ'র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ। ধন্যবাদ জ্ঞাপন করেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দেওয়ান আমানা সুলতানা। -বিজ্ঞপ্তি